# Times Today BD

ডেস্ক রিপোর্ট | স্বাস্থ্য | 06 July, 2025

শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত (একদিনে) নতুন করে ৩ জনের দেহে করোনাভাইরাস পাওয়া গেছে।এ নিয়ে এ বছর এখন পর্যন্ত মোট ৬৩২ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

তবে গত একদিনে নতুন করে কারো মৃত্যুর খবর পাওয়া যায়নি।তাই মৃত্যুর সংখ্যা ২৪ (চলতি বছরের জানুয়ারি থেকে আজ পর্যন্ত) জন অপরিবর্তিত রয়েছে।

রোববার (৬ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সারা দেশে ২২৪ জনের নমুনা পরীক্ষা করা হয়।এর মধ্যে ৩ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, দেশে করোনাভাইরাস মহামারির শুরু থেকে এখন পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক ০৪ শতাংশ।গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১ দশমিক ৩৪ শতাংশ।

প্রসঙ্গত, ২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম ৩ জনের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়।এর ১০ দিন পর ওই বছরের ১৮ মার্চ দেশে এ ভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।২০২১ সালের ৫ ও ১০ আগস্ট দু'দিন করোনায় সর্বাধিক ২৬৪ জন করে মারা যান।২০২২ সাল থেকে করোনায় আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা কমে আসতে থাকে।একপর্যায়ে এটি শূন্যে নেমে আসে।

করোনা স্বাস্থ্য অধিদপ্তর ভাইরাস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:27

URL: https://timestodaybd.com/public/health/4333775807